মেহেরপুরে ফ্রেন্ডস ফাউন্ডেশনের ত্রি-বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠিত

মেহেরপুরের ১৯৭৫ ও ১৯৭৬ ব্যাচের এসএসসি পরীক্ষার্থীদের নিয়ে গঠিত সংগঠন ফ্রেন্ডস ফাউন্ডেশনের ত্রি-বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠিত হয়েছে।

শনিবার সকালে ফ্রেন্ডস ফাউন্ডেশন কার্যালয়ে এ সভা অনুষ্ঠিত হয়। সভায় প্রকৌশলী মোঃ শহিদুল্লাহকে সভাপতি এবং প্রফেসর হাসানুজ্জামান মালেককে সাধারণ সম্পাদক পদে নির্বাচিত করে ১৭ সদস্য বিশিষ্ট তিন বছর মেয়াদী কার্যনির্বাহী পরিষদ গঠন করা হয়।

নবনির্বাচিত কার্যনির্বাহী পরিষদ সংস্হার গঠনতন্ত্রের আদর্শ ও লক্ষ্য সমন্নুত রেখে একটি অরাজনৈতিক ও অলাভজনক এবং স্বেচ্ছাসেবী সংগঠন হিসেবে এলাকার আর্থসামাজিক উন্নয়নে ভূমিকা রাখতে সকলের সহযোগিতা ও দোয়া কামনা করে।

উল্লেখ্য, ২০০৭ সালে প্রতিষ্ঠিত ফ্রেন্ডস ফাউন্ডেশন দীর্ঘদিন ধরে শিক্ষা, সংস্কৃতি ও খেলাধুলার উন্নয়নের পাশাপাশি আর্থসামাজিক উন্নয়নের জন্য সমাজকল্যাণমূলক কাজ করে আসছে। মেহেরপুরে ফ্রেন্ডস ফাউন্ডেশ স্কুল এন্ড কলেজ, তিনটি চক্ষু শিবির, দুটি স্বাস্থ্যশিবির, আন্ত উপজেলা ফুটবল টুর্নামেন্ট, তাদের শিক্ষকদের সম্মাননা প্রদান, দরিদ্র কৃতি শিক্ষার্থীদের সহায়তা প্রদান, দরিদ্র অসহায় শীতার্ত মানুষের মধ্যে খাদ্য ও কম্বল বিতরণ, দেশবরেণ্যের লোক শিল্পী মরহুম ফরিদা পারভীনকে নিয়ে মেহেরপুর শামসুজ্জোহা পার্কে সাংস্কৃতিক উৎসব বাস্তবায়নসহ বিভিন্ন কর্মকান্ডের মধ্য দিয়ে সংগঠনটি জননন্দিত ও সুনাম অর্জন করেছে।